# 48th BCS Preli Program

## 48th BCS Preli Pioneer Service

## Daily Live Exam English Literature-01

## MCQ Master Set: 1 (Question & Solution)

Question 1

### Animal Farm by George Orwell is a-

- (A) Drama
- (B) Allegory ✔
- (C) Metaphor
- (D) Symbol

**Solution:**
Allegory (বাংলায়: **রূপক**) হলো এমন একটি সাহিত্যিক কৌশল যেখানে কোনো গল্প, চরিত্র, বা ঘটনা-প্রকৃত অর্থে অন্য কিছু বোঝাতে ব্যবহৃত হয়। উদাহরণস্বরূপ: **George Orwell** এর Animal Farm একটি বিখ্যাত রূপক উপন্যাস। যদিও এটিতে প্রাণীদের খামারের গল্প বলা হয়েছে, আসলে এটি সোভিয়েত ইউনিয়নের রাজনৈতিক ইতিহাস ও একনায়কতন্ত্রের সমালোচনা।

Question 2

### Ballad is-

- (A) a kind of short narrative poem ✔
- (B) a kind of short condoling poem
- (C) a kind of short satirecal poem
- (D) a rhyme verse

**Solution:**
গীতি কবিতার আদিরূপ হিসেবে বিচার করা হয় গাথা বা ব্যালেডকে। ইতালিয় শব্দ Ballare থেকে ব্যালাড (Ballad) শব্দের উৎপত্তি। গাথা কবিতায় প্রেম, ধর্ম, বীরত্ব, রাজনীতি, সামাজিক প্রসঙ্গ, হাস্যরসের ঘটনা স্থান পায়। এছাড়াও লোকজীবন বা গ্রামীণ জীবনের প্রসঙ্গও এর বিষয়বস্তু। এতে ব্যক্তি কিংবা সামষ্টিক জীবনের বেদনা করুণ কাহিনির প্রাধান্য থাকে। ব্যালেডকে গীতিকাহিনি বা Romantic Folk Song ও বলা হয়। যেমন: Wordsworth এবং Coleridge রচিত Lyrical Ballads, John Keats রচিত La Belle Dame sans Merci.

Question 3

‘My mom has a heart of gold’. it can be an example of-

A metaphor ✔

B personification

C rhyme

D simile

**Solution:**
বাক্যের মাঝে ‘যেরূপ’, ‘যেমন’ (as, like) প্রভৃতি উপমাবাচক শব্দের প্রয়োগ না করে, দুটি অসদৃশ বিষয়ের মধ্যে সরাসরি তুলনা করাকে Metaphor বা রূপক বলে (Comparison between two unlike entities)। যেমন: “The Classroom was a zoo.” অর্থাৎ “ক্লাসরুমটি একটা চিড়িয়াখানা ছিল”। এই বাক্যটিতে ক্লাসরুমকে চিড়িয়াখানার মতো উচ্ছৃঙ্খল না বলে সরাসরি চিড়িয়াখানাই বলা হয়েছে। এটি একটি Metaphor.

Question 4

Which figure of speech do you find in the following expression? ‘I wandered lonely as a cloud’-

A simile ✔

B metaphor

C personification

D alliteration

**Solution:**
As, like প্রভৃতি উপমাবাচক শব্দ ব্যবহার করে দু’টি অসদৃশ বিষয়ের মধ্যে তুলনা করাকে Simile বলে (Comparison between two unlike thing using as, like)। “I wandered lonely as a cloud”-এ “as” ব্যবহৃত হয়েছে এবং কবি নিজের একাকীত্বকে একটি মেঘের সঙ্গে তুলনা করেছেন, তাই এটি স্পষ্টভাবে Simile.

Question 5

Soliloquy means-

A to memorize

B talking to oneself ✔

C action of speech

D rehearsal of a play

**Solution:**
Soliloquy (স্বগতোক্তি, আপনা-আপনি কথা): A dramatic technique of speaking alone on the stage by a single character while no other characters are allowed to be present (কোনো একটি একক চরিত্রের মঞ্চে একা কথা বলার একটি নাটকীয় কৌশল যখন অন্যান্য চরিত্রের উপস্থিত থাকার অনুমোদন থাকে না।

Question 6

"When the evening is spread out against the sky like a patient etherized upon a table." Is an example of-

A Metaphor

B Chiasmas

C Oxymoron

D Personification ✔

**Solution:**
সাহিত্যে কোনো নির্জীব বস্তুকে একজন ব্যক্তি হিসেবে বিবেচনা করার কৌশলকে Personification বলে (Treating non-living things or ideas as humans)। যেমন: "The wind whispered through dry grass." এখানে বলা হচ্ছে বাতাস যেন শুকনো ঘাসের মধ্য দিয়ে ফিসফিস করে কিছু বলে গেল। বাতাস নির্জীব বস্তু হলেও এ বাক্যে তাকে একটি প্রাণী হিসেবে বিবেচনা করা হয়েছে। এরকম আরো কিছু Personification এর উদাহরণ:

- The flowers danced in the gentle breeze.
- Time and tide wait for none.

Question 7

Applying human qualities to non-human things is known as-

A simile

B imagery

C personification ✔

D metaphor

**Solution:**
সাহিত্যে কোনো নির্জীব বস্তুকে একজন ব্যক্তি হিসেবে বিবেচনা করার কৌশলকে Personification বলে (Treating non-living things or ideas as humans)। যেমন: “The wind whispered through dry grass.” এখানে বলা হচ্ছে বাতাস যেন শুকনো ঘাসের মধ্য দিয়ে ফিসফিস করে কিছু বলে গেল। বাতাস নির্জীব বস্তু হলেও এ বাক্যে তাকে একটি প্রাণী হিসেবে বিবেচনা করা হয়েছে। এরকম আরো কিছু Personification এর উদাহরণ:
- The flowers danced in the gentle breeze.
- Time and tide wait for none.

Question 8

A novel in the form of letters is called -

A picaresque novel

B novelette

C non-fiction novel

D epistolary novel ✔

**Solution:**
Epistolary Novel বলতে পত্র উপন্যাসকে বুঝায়। অনেকটা চিঠির মতো করে এই উপন্যাস রচনা করা হয়। এই ধরনের উপন্যাসে কাহিনী উপস্থাপন করার মাধ্যমে গল্পে গভীরতা ও বাস্তবতার অনুভূতি যোগ করা হয়।

Question 9

‘An Austrian army awfully arrayed’ is an example of-

A oxymoron

B assonance ✔

C reiteration

D consonance

**Solution:**
যখন কোনো বাক্যে পরপর ব্যবহৃত শব্দগুলোতে স্বরবর্ণ (Vowel) বারবার ব্যবহৃত হয়ে এক ধরনের ছন্দালঙ্কার তৈরি করে তাকে বলে Assonance বা স্বরানুপ্রাস (The repetition of vowel sounds within words.)। যেমন: “That fat cat sat back” এই বাক্যটিতে ‘a’ স্বরবর্ণটি পরপর সবগুলো শব্দতে ব্যবহৃত হয়ে Assonance তৈরি করেছে।

Question 10

Who excels in dramatic monologue?

A John Milton

B Robert Browning ✔

C S. T. Coleridge

D William Wordsworth

**Solution:**
Robert Browning ছিলেন Victorian যুগের অন্যতম শ্রেষ্ঠ কবি ও নাট্যকার। তিনি তাঁর Dramatic Monologue এর জন্য ইংরেজি সাহিত্যে অমর হয়ে আছেন। তাঁর স্ত্রী Elizabeth Barrett Browning ও একজন কবি ছিলেন। তিনি P.B. Shelley এর বিশেষ অনুরাগী Great Admirer ছিলেন।

Question 11

A hyperbole is a/an:

A authentic statement of something

B overstatement of something ✔

C understatement of something

D hesitant statement of something

**Solution:**
কোনো বিষয়ে অতিরিক্ত জোর দিতে খুব অতিরঞ্জিত কোনো উপমার ব্যবহার বা কোনো কিছু খুব বাড়িয়ে বলাকে Hyperbole বলা হয় (An exaggerated statement or an extreme overstatement). এটার মূল উদ্দেশ্য থাকে কোনো ব্যাপারে বক্তব্য জোরালো করা। আবার হাস্য-রসের মাধ্যমে কোনো কিছুকে ব্যঙ্গ করতেও Hyperbole ব্যবহৃত হতে পারে। যেমন: “I am so hungry I could eat a horse!” অর্থাৎ “আমি এতটাই ক্ষুধার্ত যে আমি আস্ত একটা ঘোড়া খেয়ে ফেলতে পারবো!” আক্ষরিক অর্থে কারো পক্ষে পুরো একটা ঘোড়া খাওয়া সম্ভব না হলেও এখানে ক্ষুধার তীব্রতা বোঝাতে এই অতিরঞ্জন করা হয়েছে। একেই Hyperbole বলে।

Question 12

Which one of the following is the first long poem in English?

A The Wanderer

B Beowulf ✓

C The Seafarer

D Dream of the Road

**Solution:**
প্রাচীন যুগের চিত্র ও প্রাচীন জীবনাদর্শ যে কবিতায় সবচেয়ে সুন্দরভাবে ফুটে উঠেছে তা হলো 'Beowulf'. Beowulf' ইংরেজি সাহিত্যের আদি নিদর্শন ও প্রথম এপিকধর্মী কাব্য; পন্ডিতবর্গ অনুমান করেন খ্রিষ্টীয় সপ্তম শতাব্দীর কোনো এক সময়ে 'Beowulf' কাব্যটি রচিত হয়। এই মহাকাব্যটি অ্যাংলো স্যাক্সন যুগের অপরিচিত কোনো অজ্ঞাতনাম মুনশী কর্তৃক সম্ভবত দশম শতাব্দীতে সংকলিত হয়েছিল যা লন্ডনের ব্রিটিশ মিউজিয়ামে সংরক্ষিত আছে। একটি একটি দীর্ঘ বর্ণনামূলক কাব্য। Is is called 'Beowulf, heroic poem, the highest achievement of old English literature and the earliest European vernacular epic.

Question 13

Which of the following age in literary history is the latest?

A The Anglo-Saxon Age

B The Renaissance Age

C The Romantic Age

D The Victorian Age ✓

**Solution:**
The Anglo-Saxon Age (450-1066).
The Renaissance Age (1500-1660).
The Romantic Age (1798-1832).
The Victorian Age (1832-1901).

Question 14

Who is the writer of 'The House of Fame'?

A Francis Bacon

B Geoffrey Chaucer ✓

C William Landlord

D John Wycliffe

**Solution:**
Geoffrey Chaucer ছিলেন একাধারে কূটনীতিক, দার্শনিক, আমলা, রাজ-উপদেষ্টা, রাষ্ট্রদূত, চতুর্দশ শতকের সবচেয়ে বিখ্যাত ও ইংল্যান্ডের প্রথম জাতীয় কবি। তিনি ইংরেজি ভাষার প্রথম সার্থক কবি ও ইংরেজি সাহিত্যের প্রথম সত্যিকার সাহিত্যরসিক। তাঁকে বলা হয় Father of English Literature; বা Father of English Poetry. Chaucer একজন দার্শনিক এবং জ্যোতির্বিজ্ঞানী হিসেবেও খ্যাতি অর্জন করেন। 'The House of Fame' Chaucer এর একটি poem.

Question 15

Who translated the Bible into English for the first time?

A Langland

B John Wycliffe ✓

C Layaman

D Touci

**Solution:**
তিনি 'The New Testament' ল্যাটিন থেকে ইংরেজিতে অনুবাদ করেন। তিনিই দুর্বোধ্য ল্যাটিন থেকে মানুষের মুখের ভাষায় বাইবেলকে নিয়ে আসেন, তার অনূদিত বাইবেলকে 'Wycliffe's Bible' বলা হয়।

Question 16

"The Nun's Priest's Tale" is a/an –

A Beast fable ✓

B Epic

C Elegy

D Novel

**Solution:**
The Canterbury Tales এর অন্তর্গত ২৪টি গল্পের একটি The Nun's Priest Tale. Chaucer রচিত Beast fable হিসেবে পরিচিত এটি। এছাড়াও এটি একটি Mock-heroic story

Question 17

Who is called the 'father of English comedy'?

A Ben Jonson ✔

B S.T. Coleridge

C William Shakespeare

D Alfred the Great

**Solution:**
Comedy of Humours ধারার ইংরেজি নাটককে Jonson ই পরিচিতি ঘটিয়েছিলেন, তাই তাঁকে Father of Comedy of Humours বলা হয়। Comedy of Humour এর ধারণা তৎকালীন Medical Theory এর সাথে জড়িত। Humour শব্দটি Latin-Humor or Umor থেকে এসেছে যার অর্থ তরল।

Question 18

Who is 'Poet of wind?

A P.B. Shelley ✔

B John Wycliff

C Alexader Pope

D John Dryden

**Solution:**
Romantic যুগের অন্যতম প্রধান কবি Percy Bysshe Shelley ইংরেজি সাহিত্যে First Revolutionary Poet হিসেবে পরিচিত। ছন্দ ও তালে অসাধারণ দক্ষতাসম্পন্ন Shelley ছিলেন Master of lyrics (গীতিকবিতার দক্ষ শিল্পী)। এছাড়াও তিনি "Poet of Wind" এবং "Poet of Hope and Regeneration" হিসেবে বিখ্যাত ছিলেন।

Question 19

Who is called 'Graveyard Poet'?

A Thomas Gray ✓

B Lord Byron

C Robert Browning

D John Donne

**Solution:**
Gray এর কবিতার প্রধান বিষয়বস্তু ছিল মৃত্যু, মানুষের মরণশীলতা, মানুষের শেষ পরিণতি হিসেবে মৃত্যুর নিশ্চয়তা ইত্যাদি। একারণে তিনি Graveyard Poet দের একজন হিসেবে বিখ্যাত ছিলেন।

Question 20

Who is considered to be the Rebel Poet in English Literature?

A Walter Scot

B Lord Byron ✓

C John Keats

D John Austin

**Solution:**
তাঁর পূর্ণ নাম George Gordon Byron. তিনি ইংরেজি সাহিত্যের Romantic আন্দোলনের নেতৃস্থানীয় ব্যক্তি ও ইংরেজি ভাষার শ্রেষ্ঠ কবিদের একজন। তিনি Rebel Poet বা বিদ্রোহী কবি হিসেবে খ্যাত ছিলেন। এখনও তিনি বহুল পঠিত ও সাহিত্যাঙ্গনে প্রভাবশালী। তাঁর সর্বাধিক পরিচিত রচনাগুলোর মধ্যে রয়েছে দীর্ঘ বর্ণনামূলক কবিতা Don Juan এবং Childe Harold's Pilgrimage.

Question 21

King Alfred the great was the king of _____?

A Wessex ✓

B Wales

C Belgium

D Netherlands

**Solution:**
আলফ্রেডই একমাত্র ইংরেজ রাজা যার নামের সাথে 'The Great' উপাধিটি যুক্ত করা হয়। Alfred ছিলেন Anglo-Saxon রাজাদের মধ্যে বিখ্যাত একজন। তিনি ৮৭১ থেকে ৮৯৯ পর্যন্ত Wessex রাজ্যের রাজা ছিলেন। তিনি ভাইকিংদের হাত থেকে ইংল্যান্ডকে রক্ষা করেছিলেন এবং সেই সময়ে ইংল্যান্ডে বিভিন্ন সংস্কার এনে বিখ্যাত হয়েছিলেন। তাঁর সংকলিত Anglo-Saxon Chronicle ইংরেজি সাহিত্যে প্রথম গদ্য নিদর্শন (First monument in English prose) হিসেবে খ্যাত। আর এজন্য তাঁকে Founder of English prose বলা হয়।

Question 22

'Saint Valentine Day' was related-

A The Parliament of Foules ✔

B Confessio Amantis

C Troilus and Criseyde

D Vox Clamant is

**Solution:**
Parliament of Foules (1380-90) সালে Geoffrey Chaucer লিখিত Rhyme Royal Stanza ছন্দের একটি প্রায় ৭০০ লাইনের কবিতা। ফরাসী রোম্যান্সের ঐতিহ্যে রচিত এই কবিতাটি প্রেমের ধারণার দার্শনিক অনুসন্ধানকে প্রকাশ করে। বর্তমানে সেইন্ট ভ্যালেন্টাইনস ডে নামে প্রেমিক-প্রেমিকাদের জন্য যে বিশেষ দিনটি সারাবিশ্বে পালন করা হয় তার ধারণাটি এই কাব্য থেকেই উদ্ভূত বলে মনে করা হয়। এটি পাখিদের একটি দলকে বর্ণনা করে যারা বসন্তের শুরুতে, 'Saint Valentines Day'or Valentines day তে একত্রিত হয়- এক বছরের জন্য তাদের সঙ্গী নির্বাচন করতে।

Question 23

Thomas Malory wrote-

A Ulysses

B Pamela

C Roots

D Morte D'Arthur ✔

**Solution:**
Sir Thomas Malory লিখিত 'Le Morte d'Arthur' একটি রোমান্টিক গদ্য। 'Le Morte d'Arthur' অর্থ 'রাজা আর্থারের মৃত্যু'। বইটি কিংবদন্তির রাজা Arthur এর জন্ম, ক্ষমতায় উত্থান ও মৃত্যুকে কেন্দ্র করে লিখিত। এছাড়াও রানি Guinevere, বীর যোদ্ধা Lancelot, জাদুকর Merlin ইত্যাদি বিখ্যাত চরিত্রও রয়েছে গদ্যটিতে। নিয়তি, আদর্শ এবং আত্মপরিচয় অনুসন্ধানের মতো বিষয়বস্তুকে কেন্দ্র করে লিখিত এই গদ্যে রাজার জন্ম থেকে মৃত্যু পর্যন্ত একটা পূর্ণাঙ্গ রূপ দিতে লেখক অনেক ইংলিশ ও ফ্রেঞ্চ উৎস থেকে তথ্য নিয়ে পরিমার্জন, পরিবর্তন ও সংযোজন করেছেন।

Question 24

The group “Pre-Raphaelites” was founded in-

A 1842

B 1846

C 1848 ✔

D 1854

**Solution:**
এটি একটি ইংরেজি চিত্রশিল্পী, কবি এবং শিল্প সমালোচকদের দল যা ১৮৪৮ সালে গঠিত হয়। এই দলে সাতজন সদস্য ছিলেন। তাঁরা ইতালীয় চিত্রশিল্পী Raphael (1483–1520) এর পূর্ববর্তী শিল্প দ্বারা প্রভাবিত হয়েছেন। Pre-Raphaelites ভ্রাতৃসংঘের আরেকটি অনুপ্রেরণার উৎস ছিল জার্মানিতে সমকালীন Nazarene Movement। তারা যীশুর জীবন থেকে বিভিন্ন গল্পকথা চিত্রায়িত করতেন। Pre-Raphaelites সংঘের সদস্যরাও তাঁদের শিল্প ও সাহিত্যকর্মে প্রাচীনকালের কবিতা ও ধর্মীয় পুস্তিকা থেকে অনুপ্রেরণা নিতেন।

Question 25

Which one has formed as a rection to naturalism and realism?

A Symbolism ✔

B Surrealism

C Magic realism

D Expressionism

**Solution:**
১৯ শতকের শেষের দিকে ফ্রান্স, রাশিয়া এবং বেলজিয়ামে সংঘটিত একটি শিল্প আন্দোলন। যা কবিতা এবং অন্যান্য সাহিত্যকর্মে, ভাষা ও রূপক চিত্রের মাধ্যমে নিখুঁত সত্যকে উপস্থাপন করেছিল। এটি প্রধানত প্রকৃতিবাদ এবং বাস্তববাদের বিরোধী। ১৮৫৭ সালে Charles Baudelaire এর ‘Les Fleurs du Mal’ প্রকাশিত হওয়ার মধ্য দিয়ে Symbolism এর যাত্রা শুরু হয়। Symbolism পরবর্তী সাহিত্যের যুগগুলোর উপর ব্যাপক প্রভাব বিস্তার করেছে। প্রাথমিকভাবে দর্শনচিন্তা, যুক্তিবিদ্যা এবং মনুষ্য সহজাত প্রবৃত্তির প্রভাব ছিল। প্রতীকি এবং রহস্যসময়তার আড়ালে সামাজিক নানাদিক তুলে ধরা হয়েছে এই আন্দোলনের মাধ্যমে। Stéphane Mallarmé, Arthur Rimbaud, and Paul Verlaine পরবর্তী প্রজন্মের Symbolist কবি।

Question 26

Who is called the morning star of reformation movement?

- A John Gower
- B William Langland
- C William Dunber
- D John Wycliffe ✔

**Solution:**
John Wycliffe ছিলেন একজন ইংরেজ শিক্ষাবিদ, দার্শনিক, ধর্মতত্ত্ববিদ, বাইবেলের অনুবাদক, ক্যাথোলিক প্রিস্ট, সংস্কারক এবং অক্সফোর্ড বিশ্ববিদ্যালয়ের একজন ধর্মীয় অধ্যাপক। তিনি চতুর্দশ শতকে রোমান ক্যাথলিক যাজকদের মধ্যে একজন প্রভাবশালী ভিন্নমতাবলম্বী হয়ে ওঠেন। একারণে তাঁকে Heretic বা ধর্ম বিরোধী আখ্যা দেওয়া হয়। তাঁকে বলা হয় Morning Star of the Reformation. তিনি 'The New Testament' ল্যাটিন থেকে ইংরেজিতে অনুবাদ করেন। তিনিই দুর্বোধ্য ল্যাটিন থেকে মানুষের মুখের ভাষায় বাইবেলকে নিয়ে আসেন, তাঁর অনূদিত বাইবেলকে 'Wycliffe's Bible' বলা হয়।

Question 27

What is the main theme of "The Piers Plowman"?

- A Humanism
- B Social History ✔
- C Rural life
- D Passionate love

**Solution:**
William Langland লিখিত Piers Plowman একটি মধ্যযুগীয় রূপক আখ্যানমূলক কবিতা। এ কবিতাটিকে অনেক সমালোচক মধ্যযুগের ইংরেজি সাহিত্যের অন্যতম সেরা কাজ বলে বিবেচনা করেন। এমনকি এটি Chaucer এর Canterbury Tales থেকেও প্রাচীন এবং কবিতাটির অনুপ্রেরণা হিসেবে অনেকে মনে করেন। কাব্যটিতে বাস্তববাদী এবং রূপকধর্মী উপাদানগুলো কাব্যিক ছন্দে মিশ্রিত হয়েছে। কবিতাটিতে মধ্যযুগীয় খ্রিষ্টান ধর্মের পটভূমিতে বর্ণনাকারীর সত্যিকারের খ্রিষ্টান জীবনের খোঁজে অভিযান বর্ণিত হয়েছে যার অনেকটাই স্বপ্নদৃশ্যে বিস্তৃত। কবিতাটি সহজ কথ্য ভাষায় কিন্তু শক্তিশালী চিত্রকল্প দ্বারা রচিত।

Question 28

'The Canterbury Tales' has total-

- A 24 stories ✔
- B 20 stories
- C 16 stories

D 28 stories

**Solution:**
মধ্যযুগের শ্রেষ্ঠ কবি Geoffrey Chaucer এর সবচেয়ে বিখ্যাত ও স্মরণীয় সৃষ্টি 'The Canterbury Tales' যা ১৭,০০০ লাইন বিশিষ্ট কাব্যে রচিত একটি অসমাপ্ত বর্ণনামূলক গল্পগ্রন্থ। এতে মোট ২৪টি গল্পের সংগ্রহ রয়েছে।

Question 29

'Preparation for Renaissance' of English Literature refers to ____.

A 1550 – 1558 ✔

B 1558 – 1603

C 1565 – 1585

D 1625 – 1649

**Solution:**
Preparation for Renaissance (1550-1558).
Elizabethan Age (1558-1603).
Caroline Age (1625-1649).

Question 30

'Caroline Age' of English Literature refers to ___.

A 1516 – 1549

B 1625 – 1649 ✔

C 1603 – 1625

D 1649 – 1660

**Solution:**
Jacobean Age (1603-1625).
Caroline Age (1625-1649).